

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 03-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Book Fair :**

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে গতকাল থেকে ১৩ দিনব্যাপী ৪৩তম আগরতলা বইমেলা শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মেলার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলার জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কলকাতা থেকে আগত বিশিষ্ট লেখক জয়দীপ চট্টোপাধ্যায়। রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্ৰবৰ্তী, বিধায়িকা মিনা রানী সরকার সহ অন্যান্যরা। মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে আগামী প্রজন্মকে বই পড়ার প্রতি আকৃষ্ট করার জন্য অভিভাবকদের আহ্বান জানান। তিনি বলেন বই আমাদের চেতনার সীমানা বাড়ায়। তিনি বলেন বই পড়ার অভ্যাস বাড়াতে হবে, যে কোন অনুষ্ঠানে বই উপহার দেওয়ার পরামর্শ দেন তিনি।

উল্লেখ্য এবারের আগরতলা বইমেলায় প্রকাশক ও পুস্তক বিক্রেতাদের ১৫৯টি স্টল রয়েছে। এর মধ্যে ৪২টি স্টল বহি: রাজ্যের প্রকাশক ও বিক্রেতাদের।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দিল্লি বিশ্ববিদ্যালয়ে ৬০০ কোটি টাকা ব্যয়ে ৩টি নতুন প্রকল্পের শিলান্যাস করবেন। এরমধ্যে

রয়েছে পূর্ব দিল্লির সুরজমল বিহারে বিশ্ববিদ্যালয়ের পূর্বকালীন ক্যাম্পাসে ২টি এবং দিল্লির দ্বারকায় পশ্চিমকালীন ক্যাম্পাসের একটি একাডেমি ব্লক।

\*\*\*\*\*

**CM-Adwaita Mallabarman :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, যে কয়েকজন ক্ষণজন্মা কিংবদন্তি ভারতবর্ষে জন্মগ্রহণ করেছিলেন তাদের মধ্যে ব্রাত্যজনের কবি, উপন্যাসিক অবৈত মল্লবর্মন একজন। অবৈত মল্লবর্মনের ১১১তম জন্মজয়ন্তী উপলক্ষে গতকাল সিপাহীজলা জেলার নলচূড়ের দশমীঘাট মাঠে তিন দিনব্যাপী অবৈত মল্লবর্মন উৎসব ২০২৫ -এর উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি আরো বলেন, অবৈত মল্লবর্মণের জীবন খুবই কষ্টের মধ্যে দিয়ে অতিবাহিত হয়েছে। তাঁর বাস্তবিক জীবনের বিভিন্ন দিকই তাঁর সাহিত্যে ফুটে উঠেছে। অনুষ্ঠানের তফসিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, কিশোর বর্মন, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত প্রমুখ উপস্থিতি ছিলেন। অবৈত মল্লবর্মন স্মৃতি পুরস্কার ২০২৫ -এ ভূষিত হয়েছেন উদয়পুরের বাঁশ-বেত শিল্পী সুব্রত দাস।

\*\*\*\*\*

**CM-RAMESH SCHOOL :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল উদয়পুরের রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে বর্ষব্যাপী প্ল্যাটিনাম জুবিলি উদযাপন অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রমেশ স্কুল আজ রাজ্য ও দেশের গান্ধি পেরিয়ে গোটা বিশ্বে পরিচিত। কারণ এই স্কুল থেকে বহু ছাত্র-ছাত্রী আজ গোটা বিশ্বজুড়ে বিভিন্ন পেশায় প্রতিষ্ঠিত।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শিক্ষার প্রসারে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের গৃহীত বিভিন্ন প্রকল্প সমূহের বাস্তবায়ন নিয়ে বিস্তারিতভাবে উল্লেখ

করেন। এদিন এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়কে উদয়পুর রমেশ স্কুলের প্রাক্তনীর আজীবন সদস্যপদ প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **GB HOSPITAL :**

ব্রেইন ডেথ রোগীর দেহ থেকে বিভিন্ন প্রত্যঙ্গ অন্য রোগীর দেহে সফলভাবে প্রতিস্থাপনের উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। এ বিষয়ে দেশের অন্যতম সংস্থা মোহন ফাউন্ডেশন এর সঙ্গে রাজ্য সরকারের আলোচনা চলছে। শীঘ্রই সংস্থার প্রতিনিধিরা রাজ্যে এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে এই বিষয়ে আলোচনা করবেন। গতকাল সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়েছেন জিবি হাসপাতালের সুপার ডাঃ শংকর চক্রবর্তী। এছাড়াও হাসপাতালের বিভিন্ন সাফল্যের দিক তুলে ধরেন তিনি।

\*\*\*\*\*

#### **VHND Programme :**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের কলাচড়া আয়ুস্মান আরোগ্য মন্দির এলাকার নদ্দিলাল পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল গ্রামীন স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। সভায় বহুমুখী স্বাস্থ্য কর্মী কাজল রানী দেবী শিশুদের পরিষ্কার পরিচ্ছন্নতা, পুষ্টিকর খাবারের উৎস, মাঘেদের যক্ষণ রোগের লক্ষণ ও সন্তানসন্ত্বামা ও শিশুদের এই শীতের সময়ে যত্ন নেওয়ার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*

#### **Ayushman Arogya Camp:**

দক্ষিণ জেলার উত্তর সোনাইছড়ি আয়ুস্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে গতকাল কিলামুড়ায় আয়ুস্মান আরোগ্য শিবির ও নিষ্কায় শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মোট ৫২ জন রোগীকে চিকিৎসা

বিষয়ক পরামর্শ ও বিনামূলে অষুধ দেওয়া হয়। নিক্ষয় শিবিরের মাধ্যমে ঘন্ষণা রোগ সম্পর্কে জনগনকে সচেতন করা হয় ও ঘন্ষণারোগের লক্ষণগুলি সম্পর্কে অবহিত করা হয়। ১০ জন রোগীকে ঘন্ষণা রোগ নির্ণয়ের জন্য নিখরচায় এক্সের করানোর জন্য চিহ্নিত করা হয়েছে। শিবিরে ঝৰ্যমুখ সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ সুশ্রিতা মগ, উত্তর সোনাইছড়ি আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার অয়ন চক্রবর্তী সহ অনান্য স্বাস্থ্যকর্মী উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Marijuana :**

ধর্মনগর থেকে আগরতলা গামী ডেমো ট্রেন থেকে গতকাল গোপন সূত্রে তল্লাশি চালিয়ে ১০ কেজি গাঁজা আটক করেছে আগরতলা জিআরপি। উদ্ধার করা গাঁজার বাজার মূল্য প্রায় ১ লক্ষ টাকা। এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশ এক ব্যক্তিকে আটক করেছে।

\*\*\*\*\*

#### **Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনুর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় গতকাল চারটি খেলা অনুষ্ঠিত হয় নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে আয়োজিত ম্যাচে জুয়েলস কোচিং সেন্টার ৯ উইকেটে পোলস্টার ক্লাবকে, নেপকো মাঠে তরুণ সংঘ কোচিং সেন্টার ১ রানে চাম্পামুড়া কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে এ ডি নগর কোচিং সেন্টার ১২৫ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে এবং আব্দেকর স্কুল মাঠে আয়োজিত ম্যাচে এগিয়ে চলো সংঘ ৪৫ রানে শতদল সংঘ কোচিং সেন্টারকে প্রারজিত করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ  
অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা রয়েছে। রাজধানী  
আগরতলায় সকালে কুয়াশার দাপট দেখা গেছে। ঝিরঝিরে বৃষ্টির  
মতো কুয়াশা পড়ছে শহরে। ঠান্ডায় রাস্তায় লোকচলাচল কম  
রয়েছে।

আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৮ ডিগ্রি  
সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৫ ডিগ্রির  
কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*